# প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের গবেষণা নির্দেশিকা, ২০২০

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
গবেষণা ও নীতি অনুবিভাগ
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা-১০০০

মুজিব বর্ষের আহ্বান
দক্ষ হয়ে বিদেশ যান

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
গবেষণা ও নীতি অনুবিভাগ
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা-১০০০
www.probashi.gov.bd

স্মারক নং- ৪৯.০০.০০০০.০৪২.০১.০২৯.১৯.৩২৩ তারিখ: ২২.১১.২০২০ খৃস্টাব্দ

# প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের গবেষণা নির্দেশিকা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের গবেষণায় আগ্রহী কর্মকর্তাগণ কর্তৃক অভিবাসন, বৈদেশিক কর্মসংস্থান ও দেশের সার্বিক উন্নয়ন-সংশ্লিষ্ট সমসাময়িক ও জনগুরুত্বপূর্ণ বিষয়ের উপর গবেষণা কার্যক্রম পরিচালনা এবং গবেষণালব্ধ জ্ঞান নীতিনির্ধারণী ক্ষেত্রে নীতি-উপাত্ত (Policy Input) হিসাবে সরবরাহের নিমিত্ত এই নির্দেশিকা প্রণয়ন করা হল।

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

(ক) এই নির্দেশিকা প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের গবেষণা নির্দেশিকা, ২০২০ নামে অভিহিত হবে।
(খ) এই নির্দেশিকা কেবল প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের জন্য প্রযোজ্য হবে।
(গ) এই নির্দেশিকা অবিলম্বে কার্যকর হবে।

**২। সংজ্ঞা**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই নির্দেশিকায়-

(ক) 'কমিটি' অর্থ গবেষণা ব্যবস্থাপনা কমিটি;
(খ) 'কর্তৃপক্ষ' বলতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অথবা মনোনীত কর্মকর্তা;
(গ) 'গবেষক' বলতে গবেষণার উদ্দেশ্যে মনোনীত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নবম বা তদুর্ধ গ্রেডের যে কোন কর্মকর্তা; এবং
(ঘ) 'গবেষণার সময় বা মেয়াদ' বলতে অর্থ-বৎসর (০১ জুলাই-৩০ জুন); এবং
(ঙ) 'প্রকবৈকম' বলতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বুঝাবে।

**৩। গবেষণার উদ্দেশ্য**

গবেষণার উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

(ক) গবেষণা ও নীতি অনুবিভাগের কর্মবন্টন অনুসারে বৈদেশিক শ্রমবাজার ও শ্রম অভিবাসন সংশ্লিষ্ট গবেষণা পরিচালনা;
(খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় গৃহীত গবেষণা কার্যক্রম সম্পাদন;
(গ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতিমালা ২০১৬-এর নীতি-নির্দেশনা বাস্তবায়নের জন্য তথ্য-উপাত্তভিত্তিক সহায়তা;
(ঘ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কার্যক্রম সংশ্লিষ্ট বিষয়ে সঠিক ও সময়োপযোগী গবেষণালব্ধ তথ্য-উপাত্ত সরবরাহ; এবং
(ঙ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের যোগ্যতাসম্পন্ন কর্মকর্তাগণের বিষয়ভিত্তিক জ্ঞান ও পেশাগত দক্ষতা উন্নয়নের লক্ষ্যে গবেষণা প্রকল্প/ সমীক্ষা কার্যক্রমে অংশগ্রহণে উৎসাহিত করা।

## ৪। গবেষণার পরিধি

(ক) বৈদেশিক শ্রমবাজার, শ্রম অভিবাসন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানসহ দেশের সার্বিক উন্নয়ন-সংশ্লিষ্ট বিষয়সমূহ;

(খ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কার্যক্রম সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়সমূহ;

(গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংশ্লিষ্ট বিষয়সমূহ;

(ঘ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬ এর নীতি-নির্দেশনা বাস্তবায়ন সংশ্লিষ্ট বিষয়সমূহ;

(ঙ) কর্তৃপক্ষের কোনো নির্দেশনা থাকলে অনুরূপ বিষয় অথবা বিষয়সমূহ;

## ৫। গবেষণা দল

(ক) এককভাবে অথবা সর্বোচ্চ তিনজনের দল গবেষণা কার্য পরিচালনা করিবে। প্রতি দলে একজন পরিচালক/দলনেতা থাকবে;

(খ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ গবেষণা প্রকল্প/ সমীক্ষার ক্ষেত্রে পরিচালক/দলনেতা এবং সদস্য হতে পারবেন। একজন কর্মকর্তা যেকোন অর্থ বছরে মন্ত্রণালয়ের নিজস্ব অর্থায়নে পরিচালিত সর্বাধিক ২ (দুই) টি গবেষণা প্রকল্প/ সমীক্ষায় সম্পৃক্ত হতে পারবেন। দায়িত্ব প্রদানের পর কোন কর্মকর্তা অন্যত্র বদলী হলে তিনি গবেষণা প্রকল্প/ সমীক্ষাটি সম্পন্ন করতে পারবেন; এবং

(গ) বিশেষ ক্ষেত্রে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের বহির্ভূত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন যেকোন প্রতিষ্ঠান বা ব্যক্তিকে গবেষণা প্রকল্প/ সমীক্ষায় সম্পৃক্ত করা যাবে।

## ৬। গবেষণা ব্যবস্থাপনা কমিটি

(ক) গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি গবেষণা ব্যবস্থাপনা কমিটি থাকবে। কমিটি নিম্নরূপভাবে গঠিত হবে:

| | | |
|---|---|---|
| (১) প্রকবৈকম-এর গবেষণা ও নীতি অনুবিভাগের প্রধান (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব) | : | সভাপতি |
| (২) প্রকবৈকম-এর প্রশিক্ষণ অনুবিভাগের প্রধান বা তাঁর প্রতিনিধি (উপসচিব বা তদুর্ধ্ব) | : | সদস্য |
| (৩) প্রকবৈকম-এর প্রশাসন ও অর্থ অনুবিভাগের প্রধান বা তাঁর প্রতিনিধি (উপসচিব বা তদুর্ধ্ব) | : | সদস্য |
| (৪) প্রকবৈকম-এর গবেষণা ও নীতি অধিশাখার যুগ্ম সচিব/উপসচিব | : | সদস্য |
| (৫) প্রকবৈকম-এর শ্রমবাজার গবেষণা ও প্রকাশনা শাখার উপসচিব/ সহকারী সচিব | : | সদস্য-সচিব |

(খ) কমিটির কার্যপরিধি

(১) গবেষণা প্রকল্প/ সমীক্ষা প্রস্তাব পর্যালোচনা ও মূল্যায়নের ব্যবস্থা করা;

(২) মূল্যায়িত গবেষণা প্রকল্প/ সমীক্ষা প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন;

(২) গবেষণা প্রকল্প/ সমীক্ষা বাস্তবায়ন তদারকি ও সমন্বয় সাধন করা;

(৩) নির্ধারিত সময়ে গবেষণা কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন ও অর্থ ছাড়ের সুপারিশ করা; এবং

(৪) গবেষণা প্রতিবেদনের উপর মতামত প্রদান করা; এবং

(৫) গবেষণা প্রতিবেদন প্রকাশনা সম্পর্কে মতামত প্রদান করা।

## ৭। গবেষণা প্রস্তাব অনুমোদন

(ক) গবেষণা ব্যবস্থাপনা কমিটি সুপারিশকৃত প্রস্তাব সচিব, প্রকবৈকম চূড়ান্ত অনুমোদন করবেন;

(খ) গবেষণা প্রতিবেদন প্রকাশনা সম্পর্কে গবেষণা ব্যবস্থাপনা কমিটির সুপারিশ অনুসারে সচিব, প্রকবৈকম প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করবেন;

(গ) কোন অর্থ-বৎসরে উপযুক্ত কোন গবেষণা প্রস্তাব পাওয়া না গেলে কর্তৃপক্ষ সমসাময়িক জনগুরুত্বপূর্ণ যে কোন বিষয়ের উপর গবেষণা প্রস্তাব দাখিল ও পরিচালনার জন্য যে কোন বা উপযুক্ত কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করতে পারবে।

## ৮। গবেষণার ধরন

(ক) আর্থিক সংশ্লেষ বিবেচনা দুই ধরনের গবেষণা প্রকল্প/সমীক্ষা থাকবে:

(১) ক শ্রেণি: ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার উর্ধ্বে প্রাক্কলিত বাজেট সম্বলিত; এবং

(২) খ শ্রেণি: ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা পর্যন্ত প্রাক্কলিত বাজেট সম্বলিত।

(গ) কর্তৃপক্ষ সময়ে সময়ে গবেষণা প্রকল্পের আর্থিক পরিধি নির্ধারণ করতে পারবে।

## ৯। গবেষণা প্রকল্প/ সমীক্ষা প্রস্তাবের রূপরেখা

গবেষণা প্রকল্প/ সমীক্ষা প্রস্তাবনা প্রণয়নের ক্ষেত্রে সাধারণভাবে বাংলা বা ইংরেজিতে নিম্নোক্ত রূপরেখা অনুসৃত হবে:

(ক) গবেষণার শিরোনাম (Title of the Research);

(খ) ভূমিকা (Introduction)

(গ) সমস্যা চিহ্নিতকরণ (Problem Identification/ Problem Statement)

(ঘ) গবেষণার প্রশ্ন (Research Question)

(ঙ) গবেষণার যৌক্তিকতা (Research Justification)

(চ) গবেষণার উদ্দেশ্য (Research Objectives)

(ছ) গবেষণার পরিধি (Research Area)

(জ) গবেষণা পদ্ধতি (Research Methodology)

(ঝ) উপাত্ত বিশ্লেষণ ও উপস্থাপন পদ্ধতি (Data Analysis and Presentation Technique)

(ঞ) গবেষক দলের নাম ও পরিচিতি (Name and identity of Research Team)

(ট) সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা (Research Timeline)

(ঠ) প্রস্তাবিত বাজেট (Budget)

## ১০। গবেষণা প্রকল্প সমীক্ষা নির্বাচন, অনুমোদন ও বাস্তবায়নের সময়সূচি

(ক) গবেষণা প্রস্তাব নির্বাচন ও অনুমোদনের জন্য নিম্নরূপ সময়সূচি অনুসরণ করা হইবে:

| | |
|---|---|
| (১) পরবর্তী বছরের গবেষণা প্রকল্প সংখ্যা নির্ধারণ ও গবেষণা প্রস্তাব গ্রহণ: | ৩১ মার্চ |
| (২) প্রাপ্ত প্রস্তাবসমূহ উপযুক্ত বিশেষজ্ঞ কর্তৃক পর্যালোচনা (রিভিউ): | ৩০ এপ্রিল |
| (গ) গবেষক/টিম-লিডার কর্তৃক গবেষণা প্রস্তাবনা উপস্থাপন: | ১-১০ মে |
| (ঘ) গবেষণা ব্যবস্থাপনা কমিটির সুপারিশের আলোকে সংশ্লিষ্ট গবেষক কর্তৃক মান উন্নীতকরণ: | ৩০ মে |
| (ঙ) গবেষণা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গবেষণা প্রস্তাব পর্যালোচনা ও সুপারিশ প্রদান: | ১৫ জুন |
| (চ) গবেষণা প্রকল্প/সমীক্ষাসমূহের অনুমোদন: | ৩০ জুন |
| (ছ) গবেষণা প্রকল্প সমীক্ষার অনুকূলে ১ম কিস্তির অর্থ অগ্রিম প্রদান: | ৩১ আগষ্টের মধ্যে |

(খ) গবেষণা প্রকল্প/ সমীক্ষার মেয়াদ: গবেষণা প্রকল্প/ সমীক্ষার মেয়াদ সাধারণভাবে অর্থ বছরের মধ্যে সীমাবদ্ধ থাকবে। তবে সচিব, প্রকবৈকম প্রয়োজনবোধে এই সময়সীমা প্রাথমিকভাবে ২ মাস, বিশেষ ক্ষেত্রে সর্বোচ্চ ৬ মাস বৃদ্ধি করতে পারবেন।

## ১১। আর্থিক ব্যবস্থাপনা

### ১১.১ তহবিলের উৎস

(ক) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের গবেষণা সংশ্লিষ্ট খাতে বরাদ্দকৃত অর্থ;

(খ) শ্রম অভিবাসনের সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে গৃহীত গবেষণা প্রকল্প/ সমীক্ষার জন্য উল্লিখিত খাতের অর্থ;

(গ) প্রকবৈকম-এর সাথে দেশী ও বিদেশী সংস্থার সম্পাদিত সমঝোতা স্মারক চুক্তিতে উল্লিখিত খাতের অর্থ; এবং

(ঘ) উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক গবেষণা প্রকল্প সমীক্ষা পরিচালনার জন্য প্রদত্ত অর্থ।

### ১১.২ গবেষণা প্রকল্প সমীক্ষা পরিচালনায় সম্মানী

(ক) প্রতিটি গবেষণা প্রকল্প/সমীক্ষার অনুকূলে গবেষণা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত মানদন্ডের আলোকে বরাদ্দকৃত বাজেটের সর্বোচ্চ ৫০% অর্থ গবেষণা প্রকল্প/সমীক্ষার পরিচালক/দলনেতা ও সদস্যগণকে সম্মানী হিসেবে প্রদান করা হবে;

(খ) বিদেশী এবং মন্ত্রণালয়-বহির্ভূত অর্থায়নে পরিচালিত গবেষণা প্রকল্প/সমীক্ষার ক্ষেত্রে উন্নয়ন সহযোগীদের সাথে আলোচনা পূর্বক সম্মানীর পরিমাণ ও অন্যান্য শর্তাদি নির্ধারণ করা হবে;

(গ) প্রচলিত বিধিবিধান অনুসারে গবেষণা প্রকল্প/সমীক্ষা পরিচালক/দলনেতা এবং সদস্যগণের প্রাপ্য সম্মানী থেকে প্রযোজ্য যেকোন উৎস কর/ অন্যান্য কর কর্তন পূর্বক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সরকারি খাতে জমা দিতে হবে।

### ১১.৩ মূল্যায়নকারীর সম্মানী

(ক) গবেষণা ব্যবস্থাপনা কমিটি গবেষণা প্রকল্প সমীক্ষা প্রস্তাব মূল্যায়নের লক্ষ্যে ২ (দুই) জন মূল্যায়নকারী মনোনীত করবেন, যার মধ্যে একজন হবেন মন্ত্রণালয়ের কর্মকর্তা এবং অন্যজন হবেন মন্ত্রণালয় বহির্ভূত সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ। প্রতিটি গবেষণা প্রকল্প/ সমীক্ষার প্রস্তাব প্রাথমিক মূল্যায়নের জন্য দুইজন মূল্যায়নকারী প্রতিজন সম্মানী বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা প্রাপ্য হবেন এবং এ অর্থ সংশ্লিষ্ট গবেষণা প্রকল্প/সমীক্ষা/গবেষণার বাজেট/খাত থেকে প্রদান করা হবে;

(খ) গবেষণা শেষে প্রতিটি গবেষণা প্রকল্প/ সমীক্ষা প্রতিবেদন চূড়ান্ত মূল্যায়নের জন্য একজন মূল্যায়নকারী ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে সম্মানী প্রাপ্য হবেন এবং এ অর্থ সংশ্লিষ্ট গবেষণা প্রকল্প/সমীক্ষা/গবেষণার বাজেট/খাত থেকে প্রদান করা হবে;

(গ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সাথে দেশী ও বিদেশী সংস্থার সম্পাদিত সমঝোতা স্মারক চুক্তির ক্ষেত্রে ক্রমিক 'ক' এবং 'খ' এ বর্ণিত হারে সম্মানী প্রযোজ্য হবে;

(ঘ) অন্য প্রতিষ্ঠান/সংস্থার সাথে যৌথভাবে সম্পাদিত গবেষণার ক্ষেত্রে ক্রমিক 'ক' ও 'খ' এ বর্ণিত হারে সম্মানী প্রযোজ্য হবে;

(ঙ) গবেষণা ব্যবস্থাপনা কমিটির সভাপতিসহ সকল সদস্য সভায় উপস্থিতি সাপেক্ষে প্রতি সভার জন্য ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা হারে সম্মানী প্রাপ্য হবেন। এক্ষেত্রে বিধিমোতাবেক কর কর্তনযোগ্য হবে।

### ১১.৪ গবেষণা প্রকল্প/সমীক্ষার বাজেট বিভাজন

(ক) গবেষণা প্রকল্প/ সমীক্ষার পরিচালক/দলনেতা এবং সদস্যগণের সম্মানী;

(খ) মূল্যায়নকারীর (প্রাথমিক ও চূড়ান্ত) সম্মানী;

(গ) গবেষণা প্রকল্প/ সমীক্ষা সংশ্লিষ্ট যাবতীয় ব্যয় (গবেষণা সহযোগী ও সহকারীদের সম্মানী, গবেষণা প্রকল্প সমীক্ষায় সংশ্লিষ্ট সহকারীদের যাতায়াত ও দৈনিক ভাতা, গবেষণা প্রকল্প সমীক্ষার প্রস্তাব সেমিনারে উপস্থাপন ব্যয়, খসড়া প্রতিবেদনের ৫ (পাঁচ) কপি মুদ্রণ ব্যয়, সভাপতি, আলোচকবৃন্দ ও র‍্যাপোর্টিয়ার এর সম্মানী, প্রশ্নপত্র এবং খসড়া ও চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও ১০ (দশ) কপি পুন:মুদ্রণ ব্যয়, প্রচ্ছদ ও বাঁধাই ব্যয়, স্টেশনারি ও প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয় ইত্যাদি);

(ঘ) সকল ক্ষেত্রে বিধি মোতাবেক প্রযোজ্য কর, ভ্যাট বা ফি কর্তনযোগ্য হবে;

(ঙ) অনুমোদিত গবেষণা প্রকল্প/সমীক্ষা পরিচালনার জন্য ব্যয়ের খাত, উপখাত উল্লেখপূর্বক বাজেট প্রণয়ন করে গবেষণা প্রকল্প/ সমীক্ষা পরিচালক দলনেতা নির্ধারিত সময়ে গবেষণা প্রস্তাবনার সাথে গবেষণা ব্যবস্থাপনা কমিটির সভাপতির নিকট পেশ করবেন। গবেষণা ব্যবস্থাপনা কমিটির সভাপতি যাচাই-বাছাই পূর্বক বাজেটসহ প্রস্তাবনা সচিবের নিকট উপস্থাপন করবেন এবং সচিব কর্তৃক অনুমোদিত ব্যয়-বরাদ্দের আলোকে গবেষণা প্রকল্প/সমীক্ষা পরিচালিত হবে।

### ১১.৫ অর্থ প্রদান, হিসাব সংরক্ষণ ও সমন্বয়করণ

(ক) গবেষণা প্রকল্প সমীক্ষা পরিচালনার জন্য অর্থ নিম্নোক্ত ২ (দুই)টি সমান কিস্তিতে ছাড় করা হবে:

১ম কিস্তি: গবেষণা কমিটির সুপারিশের আলোকে সচিব কর্তৃক গবেষণা প্রকল্প/সমীক্ষা প্রস্তাব অনুমোদিত হওয়ার পর;

২য় কিস্তি: পূর্বে গৃহীত অর্থ সমন্বয় সাপেক্ষে এবং গবেষণা প্রকল্প/সমীক্ষার অগ্রগতি কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হওয়ার পর।

(খ) কোন গবেষণা প্রকল্প/সমীক্ষায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বহির্ভূত গবেষক যুক্ত থাকলে সেক্ষেত্রে মন্ত্রণালয়ের গবেষণা প্রকল্প/সমীক্ষা সংশ্লিষ্ট পরিচালক/দলনেতার অনুকূলে অর্থ ছাড় করা হবে এবং তিনি সকল আর্থিক দায়-দায়িত্ব বহন করবেন।

(গ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের গবেষণা খাত বহির্ভূত যেকোন প্রকল্পের অধীনে গবেষণা প্রকল্প/সমীক্ষা পরিচালিত হইলে ভ্রমণসহ অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় সংশ্লিষ্ট প্রকল্প/খাত হতে নির্বাহ করা হবে।

(ঘ) সমজাতীয় প্রতিষ্ঠান সংস্থার সাথে যৌথভাবে সম্পাদিত গবেষণা প্রকল্প/সমীক্ষার ক্ষেত্রে সমঝোতা স্মারক চুক্তিতে উল্লিখিত ব্যয় বরাদ্দ হতে মিটানো হবে।

(ঙ) কোন গবেষণা প্রকল্প/সমীক্ষার ব্যয়ভার মেটানোর পর অর্থ উদ্বৃত্ত থাকলে তা যথাসময়ে কর্তৃপক্ষ বরাবর ফেরৎ প্রদান করতে হবে।

(চ) কোন গবেষণা প্রকল্প/সমীক্ষার হিসাব সংক্রান্ত ব্যয়ে নিরীক্ষায় আপত্তি দেখা দিলে সংশ্লিষ্ট পরিচালক/দলনেতা এবং সদস্যগণ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন।

১২। গবেষণা কার্যক্রম ব্যবস্থাপনা

(ক) গবেষণা প্রকল্প/সমীক্ষা অনুমোদনের পর গবেষণা ও নীতি অনুবিভাগের প্রধান প্রতিটি অনুমোদিত গবেষণা প্রকল্প/সমীক্ষার অনুকলে আদেশ জারি করবেন এবং নির্ধারিত সময়ে সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে অর্থ ছাড় করবেন।

(খ) গবেষণা প্রকল্প/সমীক্ষা কাজে নিয়োজিত পরিচালক/দলনেতা এবং সদস্য/সদস্যগণ প্রত্যেকে এই মর্মে লিখিত সম্মতিপত্র জ্ঞাপন করবেন যে, তিনি/তাঁরা নির্দিষ্ট সময়ে সংশ্লিষ্ট গবেষণা প্রকল্প/ সমীক্ষা কাজ সম্পাদনে সর্বাত্মক চেষ্টা করবেন এবং কোন কারণে গবেষণা/ প্রকল্প সমীক্ষা অসম্পূর্ণ রেখে অব্যাহতি নিলে তিনি/তাঁরা গৃহীত সম্মানী (যদি গ্রহণ করে থাকেন) ফেরৎ প্রদান করবেন। তবে বিশেষ বিবেচনায় সচিবের অনুমোদনক্রমে অর্থ ফেরৎ দান হতে অব্যাহতি দেয়া যাবে;

(গ) অনুমোদিত গবেষণা প্রকল্প/ সমীক্ষা কাজে নিয়োজিত গবেষকগণের পরিবর্তন বা সংযোজনের ক্ষেত্রে গবেষণা ব্যবস্থাপনা কমিটির সুপারিশক্রমে সচিবের অনুমোদন নিতে হবে।

(ঘ) গবেষণা প্রকল্প সমীক্ষার ক্ষেত্রে স্ব-স্ব গবেষক দলনেতা নির্ধারিত সময়ে গবেষণা কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করবেন (পরিশিষ্ট-ক)।

(ঙ) প্রতিটি গবেষণা প্রকল্প সমীক্ষার সারসংক্ষেপসহ খসড়া প্রতিবেদন গবেষণা ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করা হবে ।

(চ) নির্ধারিত সময়সীমার মধ্যে চূড়ান্ত প্রতিবেদনের ১০ (দশ) কপি গবেষণা ব্যবস্থাপনা কমিটির সভাপতির নিকট জমা দিতে হবে। গবেষণা কমিটি কর্তৃক গৃহীত প্রকল্প/ সমীক্ষার প্রতিবেদন সচিব কর্তৃক অনুমোদিত হবে।

(ছ) কর্তৃপক্ষের নিকট বিবেচিত কোন যৌক্তিক কারণ ছাড়া গবেষণা কাজ অসমাপ্ত রাখলে কর্তৃপক্ষ উক্ত গবেষণা কাজ বাতিল করতে পারবেন। গবেষকগণ গৃহীত সম্মানী ও যাবতীয় অগ্রিমের অর্থ (যদি গ্রহণ করে থাকেন) ফেরৎ প্রদান করতে বাধ্য থাকবেন। পরবর্তী দুই অর্থ-বৎসর সদস্যগণ কোন গবেষণা প্রস্তাব দাখিল করতে পারবেন না;

(জ) সময় বৃদ্ধির পরও প্রতিবেদন উপস্থাপন না করা হলে সংশ্লিষ্ট দলনেতা/পরিচালক ও সদস্য/সদস্যগণ অগ্রিম নেয়া অর্থ ফেরৎ

(ঝ) গবেষণা প্রকল্প/সমীক্ষা বাস্তবায়নের জন্য ভ্রমণকালকে দাপ্তরিক কাজে কর্মরত হিসেবে গণ্য করা হবে; এবং

(ঞ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় প্রতিটি গবেষণা প্রকল্প/ সমীক্ষা প্রতিবেদনের স্বত্বাধিকারী হবে।

১৩। বিবিধ

(ক) গবেষণা প্রকল্প সমীক্ষার কাজে কোন জটিলতা/প্রতিবন্ধকতা দেখা দিলে গবেষণা ও নীতি অনুবিভাগ প্রধান বিষয়টি অবিলম্বে গবেষণা কমিটির সভায় উপস্থাপন করবেন এবং কমিটির সুপারিশের আলোকে বিষয়টি নিষ্পত্তির ব্যবস্থা করা হবে।

(খ) কোন সমঝোতা স্মারক কিংবা চুক্তির আলোকে গৃহীত গবেষণা কার্যক্রমের বাস্তবায়ন উক্ত সমঝোতা স্মারক চুক্তির শর্তানুযায়ী হবে। তবে চুক্তির শর্তে এ বিষয়ে কিছু উল্লেখ না থাকলে/ অস্পষ্টতা থাকলে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী অনুসরণীয় হবে।

(গ) গবেষণা দল কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে Plagiarism পরিহার্য; কোন দলের প্রতিবেদনে Plagiarism প্রমাণিত হলে ঐ দলের সদস্যগণ পরবর্তী সকল সময়ের জন্য গবেষণা কাজে অযোগ্য বিবেচিত হবেন;

(ঘ) প্রদত্ত প্রতিবেদন মৌলিক এবং প্রতিবেদন বা এর কোন অংশ অপর কোন প্রতিবেদন বা উৎস হতে আহরিত নয় মর্মে প্রতিবেদনে দলের সদস্যগণ প্রত্যয়ন প্রদান করবেন;

(ঙ) প্রতিবেদনে ব্যবহৃত তথ্য-উপাত্তের Reference স্বীকৃত পদ্ধতিতে প্রদান করতে হবে;

(চ) গবেষণা কাজে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ethical issues নিশ্চিত করতে হবে। জাতি, গোষ্ঠী, সমাজ, ধর্ম, বর্ণ নির্বিশেষে কোন ব্যক্তিকে হেয় প্রতিপন্ন করে- এমন কোন গবেষণা প্রস্তাব গ্রহণ বা প্রশ্নপত্র প্রণয়ন কিংবা কাউকে পীড়া দেয়- এমন কোন মন্তব্য, বিবৃতি, ছবি, প্রতীক ইত্যাদি প্রতিবেদনে ব্যবহার করা যাবে না;

(ছ) গবেষণা ব্যবস্থাপনা কমিটিকে শ্রমবাজার গবেষণা ও প্রকাশনা শাখা সাচিবিক সহায়তা প্রদান করবে;

(জ) এ নির্দেশিকার উদ্দেশ্য পূরণকল্পে মন্ত্রণালয় কর্তৃপক্ষ প্রয়োজনে নির্ধারিত পদ্ধতি অনুসরণপূর্বক এ নীতিমালা সংশোধন/ পরিবর্তন/ পরিমার্জন করবে।

স্বাক্ষরিত/-
২২/১১/২০২০
ড. আহমেদ মুনিরুছ সালেহীন
সচিব

স্মারক নং- ৪৯.০০.০০০০.০৪২.০১.০২৯.১৯.৩২৩ তারিখ: ২২.১১.২০২০ খৃস্টাব্দ

<u>বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. উপসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৫. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

<u>অনুলিপি: সদয় অবগতির জন্য</u>

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. অফিস কপি।

২২/১১/২০২০
(শেখ মুহাম্মদ রেফাত আলী)
উপসচিব

পরিশিষ্ট-ক

গবেষণার অগ্রগতি প্রতিবেদন

মাস: . . . . . . . . . . . . . . .

| গবেষণার বিষয় | গবেষণা দলের সদস্যগণের নাম ও পদবী | বরাদ্দের পরিমাণ | লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি | |
|---|---|---|---|---|---|
| | | | | সম্পাদিত কার্যক্রম | আর্থিক (লক্ষ টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

গবেষণা দলের সদস্যবৃন্দের স্বাক্ষর

দলনেতার স্বাক্ষর